

ফুটবল টুর্নামেন্ট
কেরানীগঞ্জ প্রাথমিকের
শিক্ষার্থীদের কাছ থেকে
চাঁদা দাবি!

স্টাফ রিপোর্টার, নবাবগঞ্জ

ফুটবল টুর্নামেন্ট উপলক্ষে প্রাথমিকের শিক্ষার্থীদের কাছ থেকে চাঁদা দাবির অভিযোগ উঠেছে কেরানীগঞ্জের ঘাটারচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ও ব্যবস্থাপনা কমিটির কয়েকজন সদস্যের বিরুদ্ধে। স্থল পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্টে অংশ নিতে ইচ্ছুক শিক্ষার্থীদের কাছ থেকে এ চাঁদা দাবির অভিযোগ শুনে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য এনাম মোল্লা, তারানগর ইউপির ৯নং ওয়ার্ড মেম্বার রহিম নেওয়াজ, সমাজসেবক শফিকুল রহমান জামালসহ কয়েকজন অভিভাবক মঙ্গলবার সকালে সাংবাদিকদের কাছে এ অভিযোগ করে জানান। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্টে (প্রাইমারি স্কুল) অংশ নিতে প্রথমে স্থল কর্তৃপক্ষ অনুগ্রহ দেখায়। কিন্তু অভিভাবকদের চাপে পড়ে তারা টুর্নামেন্টে অংশ নিতে শিক্ষার্থীদের কাছ থেকে ৩০০ টাকা করে চাঁদা দাবি করে।

এ বিষয়ে জানতে গেলে প্রধান শিক্ষিকা উম্মে কুলসুমকে বিদ্যালয়ে পাওয়া যায়নি। কেরানীগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মাজেদা সুলতানা বলেন, ফুটবল টুর্নামেন্ট উপলক্ষে শিক্ষার্থীদের কাছ থেকে চাঁদা তোলায় অভিযোগ গুরুতর। তদন্ত করে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।